

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৪০৮

আগরতলা, ২৭ সেপ্টেম্বর, ২০২৪

এনইসি ভিশন প্ল্যান-২০৪৭
প্রজ্ঞাতবনে রাজ্যভিত্তিক পরামর্শমূলক সভা

এনইসি ভিশন প্ল্যান-২০৪৭ নিয়ে আজ প্রজ্ঞাতবনের ১নং হলে
রাজ্যভিত্তিক পরামর্শমূলক সভা অনুষ্ঠিত হয়। নর্থ ইস্টার্ন ডেভেলপমেন্ট
ফিনান্স কর্পোরেশন লিমিটেডের (নেডফি) উদ্যোগে ও নর্থ ইস্টার্ন
কাউন্সিলের (এনইসি) সহযোগিতায় এই সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান
অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যসচিব জে কে সিনহা। সভার
শুরুতে স্বাগত বক্তব্য রাখেন নেডফির এক্সিকিউটিভ ডিরেক্টর এস কে
বড়ুয়া।

উল্লেখ্য, নর্থ ইস্টার্ন কাউন্সিল (এনইসি) নেডফিকে ভিশন প্ল্যান-
২০৪৭ ডকুমেন্ট তৈরি করার দায়িত্ব দিয়েছে। সেই প্রেক্ষিতে নেডফি এই
এনইসি ভিশন প্ল্যান-২০৪৭ ডকুমেন্টের ড্রাফট তৈরি করেছে।
প্রজ্ঞাতবনের আজকের সভায় এই ড্রাফট ডকুমেন্ট নিয়ে রাজ্য সরকারের
বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ, সরকার অধিগৃহীত সংস্থার (পিএসইউ)
প্রতিনিধিগণ, বাণিজ্যিক সংস্থা, কর্মশিল্পী ব্যক্তি, আর্থিক প্রতিষ্ঠান
(ফিনান্সিয়াল ইনস্টিটিউশন), শিক্ষা প্রতিষ্ঠান, পেশাদারি সংস্থা, নাগরিক
সমাজ ও এনজিও-র প্রতিনিধিগণ তাদের সুচিহ্নিত মতামত রাখেন। সভায়
উপস্থিত ছিলেন এনইসি-র অ্যাডভাইজার (হট্টিকালচার) এম ইবোয়াইমা
মেইতেই, কোর কমিটির সদস্য এ এম সিং এবং প্রফেসর এ কে
বুরাগোঁহাই। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন নেডফি-র জি এম অসীম কুমার
দাস।
